26

দৈনিক ইনকিলাব

তারিখ 20 JUN 1998
পৃষ্ঠা ... কলাম ...

### চবি'র ফলাফল প্রকাশে বিলম্ব

## প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র-ছাত্রীদের আজ থেকে অনশন শুরু

**চট্টগ্রাম ব্যুরো ঃ** পরীক্ষার দেড় বছর পরেও ফলাফল প্রকাশিত না হওয়ায় ফল প্রকাশের দাবীতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের এমএসসি থিসিস গ্রুপের ছাত্র-ছাত্রীরা আজ (শনিবার) থেকে আমরণ অনশন শুরু করেছে। ১৯ জন পরীক্ষার্থী আজ সকাল সাড়ে ৯টা থেকে ভিসি অফিসের সামনে অনশন শুরু করবে। ১৯৯৩ সালের প্রাণিবিদ্যা বিভাগের এমএসসি থিসিস গ্রুপের এসব ছাত্র-ছাত্রী ১৯৯৬ সালে পরীক্ষা দেয়। কিন্তু ফলাফল প্রকাশিত না হওয়ায় এসব পরীক্ষার্থীরা ২০তম বিসিএসসহ বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারছে না।